



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

মুরারিচাঁদ কলেজ, সিলেট

ফোন- ০২৯৯৬৬৪১৬৩৪, মোবাইল-০১৭০১-৪৫০৮২০

website : [www.mccollege.edu.bd](http://www.mccollege.edu.bd)

email : [m.c.college\\_sylhet@live.com](mailto:m.c.college_sylhet@live.com)



তারিখ: ২৫.০৯.২০২১ খ্রি.

## বিজ্ঞপ্তি

মুরারিচাঁদ কলেজ, সিলেট-এর ছাত্রাবাসের আবাসিক শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ ও ডেঙ্গু পরিস্থিতি বিবেচনায় স্বাস্থ্যবিধি মেনে আবাসিক হোস্টেল আগামী ০১/১০/২০২১ তারিখ থেকে খোলা হবে। কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় ২০২০-২০২১ অর্থবছরের নির্ধারিত ফি কমিয়ে ৫৪৪/-টাকা এবং ২০২১-২০২২ অর্থবছরে ছাত্রাবাস ফি ৩,৫০০/- নির্ধারণ করা হয়েছে। ছাত্রাবাসে ওঠার সময় বকেয়া (যদি থাকে) এবং চলতি ফি এর ২,০০০/- টাকা (১ম কিস্তি) পরিশোধ করতে হবে এবং অবশিষ্ট ১,৫০০/- টাকা ৩১ ডিসেম্বর ২০২১ এর মধ্যে পরিশোধ করতে হবে। সংশ্লিষ্ট ছাত্রাবাসের তত্ত্বাবধায়কের সাথে যোগাযোগ করে সোনালী ব্যাংক টিলাগড় শাখার নির্ধারিত ব্যাংক হিসাবে ফি জমাদানপূর্বক রশিদ ছাত্রাবাসের তত্ত্বাবধায়কের নিকট জমা দিতে হবে।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক নিম্নোক্ত নির্দেশনা পালন করার জন্য শিক্ষার্থীদের নির্দেশ প্রদান করা হলো।

- আবাসিক শিক্ষার্থীরা হোস্টেলে ওঠার পূর্বে কোভিড আরটি.পিসিআর পরীক্ষা করে ফলাফল নেভেটিভ হলে হোস্টেলে আসা;
- সকল সমাবেশ স্থানসমূহ (ক্যাফেটেরিয়া, ডাইনিং, টিভি/স্পোর্টস রুম ইত্যাদি) পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত বন্ধ থাকবে। রান্নাঘর থেকে সরাসরি খাবার সরবরাহকরণ;
- একাধিক শিক্ষার্থী একই বিছানা ব্যবহার করা থেকে বিরত থাকা;
- একসাথে নামাজ, প্রার্থনা, সমাবেশ ইত্যাদি ক্ষেত্রে নির্দিষ্ট নির্দেশনা মেনে চলা;
- হোস্টেলে ব্যক্তিগত স্বাস্থ্যবিধি অবশ্যই মেনে চলা;
- সবাই ব্যক্তিগত সাবান, তোয়ালে ইত্যাদি ব্যবহার করা এবং ব্যক্তিগত লকার ও অন্যান্য জিনিসপত্র পরিষ্কার ও জীবাণুমুক্ত রাখা;
- দিনে ও রাতে ঘুমানোর সময় অবশ্যই মশারি ব্যবহার করা;
- ডেঙ্গু সংক্রমণ ও এডিস মশা বিস্তাররোধে স্বাস্থ্য অধিদপ্তরের গাইড লাইন অনুসরণ করা;
- একজনের ব্যক্তিগত ব্যবহার সামগ্রী/শিখন সামগ্রী ইত্যাদি অন্যজন ব্যবহার না করা;
- আবাসিক শিক্ষার্থী ব্যতিত অন্য কেউ হোস্টেলে অবস্থান বা যাতায়াত না করা।